

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

ওয়েবসাইট: www.bangladeshbank.org.bd

বিএফআইইউ সার্কুলার লেটার নং- ০৩/২০১২

তারিখ : ২৫ আশ্বিন, ১৪১৯
১০ অক্টোবর, ২০১২

প্রধান নির্বাহী কর্মকর্তা,
সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০১২ সালের সংশোধনীসহ) এর
২(২০) ধারায় অন্তর্ভুক্ত সকল রিপোর্ট প্রদানকারী সংস্থা।

প্রিয় মহোদয়,

জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলুশনের আওতায় তালিকাভুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের
হিসাব অবরুদ্ধকরণ ও অন্যান্য বিষয়ে অনুসরণীয় নির্দেশাবলী।

জাতিসংঘের সদস্য দেশ হিসেবে জাতিসংঘ চার্টারের চ্যাপ্টার-৭ এর আওতায় নিরাপত্তা পরিষদ কর্তৃক গৃহীত রেজুলুশনগুলোর নির্দেশনাসমূহ পরিপালনের ক্ষেত্রে বাংলাদেশের বাধ্যবাধকতা রয়েছে। এছাড়া সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০১২ সালের সংশোধনীসহ) এর ধারা ১৫(৩) ও ১৭(ঙ) এর আওতায় জাতিসংঘের নিরাপত্তা পরিষদ রেজুলুশন ১২৬৭ ও এর অনুগামী রেজুলুশনসমূহ এবং অন্যান্য রেজুলুশনের নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালন এবং এগুলোর আওতায় তালিকাভুক্ত ব্যক্তি/ব্যক্তিবর্গ অথবা প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহের নামে অথবা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তাদের নিয়ন্ত্রণাধীন/স্বার্থ সংশ্লিষ্ট কোন প্রতিষ্ঠানের নামে কোন হিসাব/লেনদেন পরিচালিত হলে তা অবিলম্বে অবরুদ্ধ করার নির্দেশনা বলবৎ রয়েছে।

সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০১২ সালের সংশোধনীসহ) এর ১৫(১)(জ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ আইনের ২(২০) ধারায় অন্তর্ভুক্ত সকল রিপোর্ট প্রদানকারী সংস্থার জন্য নিম্নবর্ণিত অনুসরণীয় নির্দেশনাসমূহ জারী করা হলোঃ

১। জাতিসংঘ নিরাপত্তা পরিষদ কর্তৃক গৃহীত রেজুলুশন ১২৬৭ (১৯৯৯) ও এর অনুগামী রেজুলুশনসমূহ এবং অন্যান্য রেজুলুশনের নির্দেশনাসমূহ পরিপালন, এবং এ সকল রেজুলুশনের আওতায় তালিকাভুক্ত ব্যক্তি/ব্যক্তিবর্গ অথবা প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহের নামে অথবা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তাদের নিয়ন্ত্রণাধীন/স্বার্থ সংশ্লিষ্ট কোন প্রতিষ্ঠানের নামে কোন হিসাব/লেনদেন পরিচালিত হলে তা অবিলম্বে অবরুদ্ধকরণতঃ অত্র ইউনিটকে অবহিত করতে হবে।

২। জাতিসংঘ নিরাপত্তা পরিষদ কর্তৃক গৃহীত রেজুলুশন ১৩৭৩ (২০০১) এর ভিত্তিতে বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত ব্যক্তি/ব্যক্তিবর্গ অথবা প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহের নামে অথবা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তাদের নিয়ন্ত্রণাধীন/স্বার্থ সংশ্লিষ্ট কোন প্রতিষ্ঠানের নামে কোন হিসাব/লেনদেন পরিচালিত হলে তা অবিলম্বে অবরুদ্ধকরণতঃ অত্র ইউনিটকে অবহিত করতে হবে।


৩। জাতিসংঘ চার্টারের চ্যাপ্টার-৭ এর আওতায় নিরাপত্তা পরিষদ কর্তৃক গৃহীত 'Resolutions relating to the prevention, suppression and disruption of proliferation of weapons of mass destruction and its financing' এর আওতায় তালিকাভুক্ত ব্যক্তি/ব্যক্তিবর্গ অথবা প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহের নামে বা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তাদের নিয়ন্ত্রণাধীন/স্বার্থ সংশ্লিষ্ট কোন প্রতিষ্ঠানের নামে কোন হিসাব/লেনদেন পরিচালিত হলে তা অবিলম্বে অবরুদ্ধকরণতঃ অত্র ইউনিটকে অবহিত করতে হবে।

৪। উল্লেখ্য যে, জাতিসংঘের ওয়েবসাইট (<http://www.un.org/sc/committees/index.shtml>) হতে উল্লিখিত রেজুলুশনগুলোর আওতায় প্রণীত তালিকা নিজ উদ্যোগে সময় সময় সংগ্রহপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণ করতে হবে।

উপর্যুক্ত নির্দেশনাসমূহের যথাযথ পরিপালন নিশ্চিত করার নিমিত্তে আপনাদের প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট সকল পক্ষকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(দেবপ্রসাদ দেবনাথ)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১১৮

প্রতিলিপি নং- বিএফআইইউ (পলিসি)-৪/২০১২-২০৮

তারিখ : উল্লিখিত

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরণ করা হলো :-

১. সকল বিভাগীয় প্রধান, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা/চট্টগ্রাম।
৩. মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক রাজশাহী/খুলনা/বগুড়া/সিলেট/সদরঘাট, ঢাকা/বরিশাল/রংপুর।
৪. গভর্নর মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. গভর্নর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. ডেপুটি গভর্নর মহোদয়গণের সাথে সংযুক্ত উপ-পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. নির্বাহী পরিচালক মহোদয়গণ/অর্থনৈতিক উপদেষ্টা মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৮. মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট, মিরপুর, ঢাকা।
৯. মহাসচিব, দি ইনস্টিটিউট অব ব্যাংকিং বাংলাদেশ, বিএসআরএস ভবন, ১০ম তলা, ১২ কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা।



(মোহাম্মদ আবদুর রব)

উপ পরিচালক

ফোন : ৯৫৩০০১০-৭৫/২৪৮৯

ই-মেইল : abdur.rab@bb.org.bd